**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:14-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Meeting-Post Flood Situation :**

বন্যা পরবর্তী সময়ে রাস্তাঘাট, সেচ এবং স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত বিষয়ে গতকাল ধলাই জেলার জেলা শাসকের কনফারেন্স হলে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন পূর্ত, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরন গিত্যে, ধলাই জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকের পর সচিব শ্রী গিত্যে বলেন, বেশ কিছু রাস্তা খারাপ হয়ে গেছে যার কারণে বিদ্যুৎ ও পানীয় জলের পরিষেবা সঠিকভাবে দেওয়া সম্ভব হচ্ছে না। এই সড়কগুলি দ্রুততার সাথে যাতায়াতের উপযুক্ত করা হবে। বৈঠক শেষে আমবাসা-কমলপুর সড়ক পরিদর্শন করেন শ্রী গীত্যে সহ অন্যান্য আধিকারিকরা।

*****************************

**Press Meet-Tribal Welfare :**

জনজাতিদের জীবন জীবিকা ও আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্যে উপজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় ত্রিপুরা রুরাল ইকোনমিক গ্রোথ অ্যান্ড সার্ভিস ডেলিভারি প্রজেক্ট রূপায়িত হচ্ছে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এই সম্পর্কে তথ্য তুলে ধরেন উপজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে। তিনি জানান, রাজ্যের আট জেলায় ২৩টি উপজাতি অধ্যুষিত ব্লকে এই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই বছরের ২০শে মার্চ প্রকল্পটি ছয় বছরের জন্য চালু হয়েছে। এই প্রকল্পে ১৪০০ কোটি টাকা ব্যয় হবে। এরমধ্যে বিশ্ব ব্যাঙ্ক ৮০ শতাংশ এবং রাজ্য সরকার ২০ শতাংশ খরচ বহন করবে। সাংবাদিক সম্মেলনে

আলোচনা করেন উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস।

*******************************

**Press Meet-ARDD :**

সাম্প্রতিক বন্যায় রাজ্যে ১ লক্ষ ৩০ হাজার ৮৩২ জন মাছ চাষি ক্ষতিগ্রস্ত হয়েছেন। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এই কথা জানিয়েছেন প্রানী সম্পদ বিকাশ ও মৎস দপ্তরের সচিব দীপা ডি নায়ার। বিভিন্ন জলাশয় থেকে ৫২ হাজার ৪০৯ দশমিক ৪৩৫ এমটি মাছ বন্যার জলে ভেসে গেছে। এছাড়া ২ কোটি ১৭ লক্ষ ২০ হাজার ১০৫ টি মাছের পোনা ক্ষতিগ্রস্ত হয়েছে। সচিব শ্রীমতি নায়ার আরও জানান, বন্যায় প্রানী সম্পদ বিকাশের ক্ষেত্রে ২৩ কোটি ৩৪ লক্ষ টাকার আনুমানিক ক্ষতি হয়েছে। এই ক্ষয়ক্ষতি থেকে বেরিয়ে আসার জন্য প্রানী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২০ কোটি ৩৩ লক্ষ টাকার প্যাকেজ প্যাকেজ, ত্রাণ, পুনর্বাসন এবং বিপর্যয় মোকাবিলা দপ্তরের কাছে পেশ করা হয়েছে।

******************************

**BSF Success :**

বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ার এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল বামুটিয়া সীমান্ত এলাকায় তল্লাশি চালিয়ে তিন হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এর বাজারমূল্য ১৫ লক্ষ টাকা। এছাড়া দক্ষিন ত্রিপুরার আমলিঘাটে বিএসএফ জওয়ানরা ৩২ লক্ষ টাকা মুল্যের ওরিস এবং মন্ড সিগারেট উদ্ধার করেছে। এছাড়া রাজ্যের বিভিন্ন সীমান্তে অভিযানে ১০৩ কিলো গাঁজা, ৮৮৪ বোতল ফেন্সিডিল এবং ৬ লক্ষ ৪৮ হাজার বাংলাদেশি টাকা উদ্ধার করেছে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

*************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যমে বলেছেন, সরকার আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ারের নাম পরিবর্তন করে শ্রী বিজয়া পুরম রাখার সিদ্ধান্ত নিয়েছে। তিনি বলেন, শ্রী বিজয়া পুরম দেশের স্বাধীনতা সংগ্রামে অর্জিত বিজয়ের প্রতীক। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের স্বাধীনতা সংগ্রাম ও ইতিহাসে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের একটি অতুলনীয় স্থান রয়েছে। তিনি বলেন, যে দ্বীপ অঞ্চলটি একসময় চোল সাম্রাজ্যের নৌ ঘাঁটি হিসেবে কাজ করত, সেটি আজ আমাদের কৌশলগত ও উন্নয়ন আকাঙ্খার জন্য গুরুত্বপূর্ণ স্থান হতে চলেছে।

***************************

**Lok Adalat :**

আজ রাজ্যে বসছে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে ৫১টি বেঞ্চে ২৩,৯৯৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এর মধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৩,৯২০টি বিষয় এবং আদালতে বিচারাধীন ২০,০৭৪টি

মামলা রয়েছে। তিনি আরও জানান, লোক আদালতে ত্রিপুরা উচ্চ আদালতে একটি বেঞ্চে ৩১টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

*************************

**Puja Meeting-Udaipur :**

দূর্গোৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল উদয়পুর পুর পরিষদ ও উদয়পুর মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে ক্লাব প্রতিনিধিদের নিয়ে  এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন গোমতী জেলার জিলা সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, মহকুমা শাসক ত্রিদীপ সরকার সহ অন্যরা। পুর পরিষদের চেয়ারম্যান শ্রী মজুমদার বলেন, উদয়পুর শহরে এই বছর কার্নিভাল করা যায়কিনা সেই বিষয়ে সভায় আলোচনা হয়েছে।

**************************

**Ganja detain at rail station :**

আগরতলা রেল ষ্টেশনে তল্লাশি চালিয়ে গতকাল ৩৩ কিলো শুঁকনো গাঁজা উদ্ধার করেছে জিআরপি থানার পুলিশ। এই থানার ওসি তাপস দাস জানান, এই গাঁজা বাইরের রাজ্যে পাচার করা হচ্ছিল। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজার মূল্য ২ লক্ষ ৬৪ হাজার টাকা।

*************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ৩-২ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে।

***************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দক্ষিণ জেলার দুই এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া পশ্চিম জেলা, ধলাই, সিপাহীজলা, খোয়াই ও গোমতী জেলাতেও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩১ ডিগ্রি সেলসিয়াস।

*************************